# আজ কাতারের সাবেক আমিরের মৃত্যুতে দেশে রাষ্ট্রীয় শোক



কাতারের সাবেক আমির শেখ হামাদ বিন খলিফা আল থানি। ছবি: সংগৃহীত

কাতারের সাবেক আমির শেখ হামাদ বিন খলিফা আল থানির মৃত্যুতে বাংলাদেশে আজ বুধবার এক দিনের রাষ্ট্রীয় শোক পালন করা হচ্ছে। এ উপলক্ষে দেশের সরকারি, আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানসহ সব শিক্ষাপ্রতিষ্ঠান এবং বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনগুলোতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে।

সরকারি নির্দেশনা অনুযায়ী, দেশের সব সরকারি ও বেসরকারি ভবনের পাশাপাশি বিদেশে বাংলাদেশের কূটনৈতিক মিশনগুলোতেও জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হচ্ছে। একই সঙ্গে দিনের সব ধরনের বিনোদনমূলক অনুষ্ঠান স্থগিত রাখা হয়েছে।

মঙ্গলবার মন্ত্রিপরিষদ সচিব নাসিমুল গনি স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনের মাধ্যমে এ সিদ্ধান্তের কথা জানানো হয়। এতে বলা হয়, কাতারের সাবেক আমিরের রুহের মাগফেরাত কামনায় দেশের বিভিন্ন মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাতের আয়োজন করা হবে।

এছাড়া অন্যান্য ধর্মীয় উপাসনালয়েও তার আত্মার শান্তি কামনায় বিশেষ প্রার্থনার ব্যবস্থা করা হবে। এর আগে, শেখ হামাদ বিন খলিফা আল থানির মৃত্যুতে জাতীয় সংসদে শোক প্রস্তাব গৃহীত হয়।

LENS ASIA